গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
shibganj.bogra.gov.bd

স্মারক: ০৫.৫০.১০৯৪.০০০.০০০.১১.০০৩৪.২৬. ১০৯৫

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার-২০২৬ এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার তথ্যসংগ্রহ নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট, ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২৬ (৪৫) দিন পর্যন্ত ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে শিবগঞ্জ উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র. | পদের নাম | আবেদনের যোগ্যতা | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যুনতম এইচ এস সি বা সমমান পাশ<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০% + নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগোলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও দুর্গম এলাকায় কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক/তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারী সংস্থায় কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ২ | সুপারভাইজার | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাশ<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়- ৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ)সরকারী/আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া এর ওয়েবসাইটে https://shibganj.bogra.gov.bd এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া এর ওয়েবসাইটে https://dss.shibganj.bogra.gov.bd পাওয়া যাবে।

আবেদন ফরম দাখিলের স্থান : উপজেলা সমাজসেবা কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া।



CamScanner

## আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচী:-

| ক্র. | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য স্থান ও সময় |
|---|---|---|---|
| | ২১-০৭-২০২৬ খ্রি. হতে ২৫-০৭-২০২৬ খ্রি সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২১-০৭-২০২৬ খ্রি. হতে ২৫-০৭-২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া ২৬-০৭-২০২৬ খ্রি. বেলা ১১.০০ ঘটিকা |

শর্তাবলী:

১) ব্যবহারিক পরীক্ষার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২) যে কোন ধরনের তদবির অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৩) জমাদানের খামের উপরে পদের নাম, উপজেলার নাম, ইউনিয়নের নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪) সরকার কর্তৃক জারীকৃত ফ্যামিলি কার্ড তথ্য সংগ্রহ নির্দেশিকা-২০২৬, ফ্যামিলি কার্ড নীতিমালা-২০২৬ ও সময় সময় জারীকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরনীয় হবে। কর্তৃপক্ষ উল্লিখিত যেকোন শর্ত, সময়সূচী ও অন্যান্য বিষয় সংশোধন, পরিবর্তন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২১/০৭/২৬

(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শিবগঞ্জ, বগুড়া।
ফোন: ০২-৫৮৯৯১১৫০১
ইমেইল: unoshibganjbogra@mopa.gov.bd

স্মারক: ০৫.৫০.১০৯৪.০০০.০০০.১১.০০৩৪.২৬. ১০৯৫

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩৭, বগুড়া-০২ (শিবগঞ্জ ও মোকামতলা), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।

০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।

০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী।

০৫। জেলা প্রশাসক, বগুড়া।

০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া। ।

০৭। সভাপতি/সাধারণ সম্পাদক.............................. (সকল প্রেস ক্লাব) শিবগঞ্জ, বগুড়া (প্রচারের অনুরোধসহ)।

০৮। অফিস কপি।

২১/০৭/২৬

(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
শিবগঞ্জ, বগুড়া।

CamScanner